

w/lt pt. AD (Voc)
a copy to PD
2, 2, 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ফিলিস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) প্রকল্প
ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা), ২৫ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.seip-fd.gov.bd

নং-অবি/সেইপ/DTE-3(রংপুর)/৯৭/১৪-১৫/১৬৯৮ তারিখঃ ৩১ অক্টোবর ২০১৬

বিষয়: SEIP প্রকল্পের অর্থায়নে চলমান দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমে রংপুর টিএসসি-এর আর্থিক অনিয়ম প্রসংগে।


সূত্রঃ (১) SEIP প্রকল্পের সূত্র নং-FD/SEIP/Visit-Inspection/114/15-16/1310, তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ
(২) রংপুর টিএসসি'র সূত্র নং-টিএসসি/রং/সেইপ/১০৮৩; তারিখঃ ২১/০৯/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নায়ী Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় গত ২২/০৭/২০১৬ তারিখে রংপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (TSC) পরিদর্শনকালে বিভিন্ন আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয়। SEIP প্রকল্প হতে এ বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে সূত্রোক্ত ২ নং স্মারকের পত্র প্রাপ্ত ব্যাখ্যা পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত হয়নি।

২। বর্ণিত প্রেক্ষিতে-

- (ক) Data Entry বাবদ অধ্যক্ষ এবং দু'জন ট্রেনার (জনাব গোলাম মোস্তফা, বিষ্ণু চন্দ্র সরকার) কর্তৃক গৃহীত ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা চালান মারফত সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের সার্টিফাইড কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য বলা হল;
- (খ) SEIP প্রকল্পের প্রশিক্ষার্থীদের বৃত্তির অর্থ পরিশোধের জন্য ব্যাংক হতে ৬,৩৬,০০০/= (ছয় লক্ষ ছত্রিশ হাজার) টাকা উত্তোলন করা হয়। উক্ত অর্থ হতে সরকারী কোষাগারে জমাকৃত ১,৫৪,০০০/= টাকার সার্টিফাইড কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। একইসাথে অবশিষ্ট ৪,৮২,১০০/- (চার লক্ষ বিরাশি হাজার একশত) টাকা প্রশিক্ষার্থীদের হিসাবে প্রদানের যথাযথ প্রমাণক (Bank Statement) প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য বলা হল;
- (গ) Teaching Training Materials (TTM) হিসাবে RFQ পদ্ধতিতে যে সকল সামগ্রী ক্রয় করা হয়েছে তার পূর্ণাঙ্গ বিবরণ (মূল্য সহ) প্রকল্প দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হল;
- (ঘ) Periodic Assessment এর জন্য সমানী বাবদ গৃহীত ১,০০,৪৮৫/- (এক লক্ষ চারশত পঁচাত্তর) টাকা চালান মারফত সরকারী কোষাগারে জমা দিয়ে চালানের সার্টিফাইড কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য বলা হল।

৩। উল্লিখিত কার্যাদি ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করে SEIP প্রকল্প দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।


৩১/১০/২০১৬
রহিমা বেগম
সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (উপসচিব)
ফোনঃ ৮৩৯২৪৬৩-৫/০১৭৭০৭৯৯৯০৯
zahinsamin@gmail.com

অধ্যক্ষ
টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, রংপুর
রংপুর।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। মহা পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। নির্বাহী প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপ নির্বাহী প্রকল্প পরিচালক (ফান্ড ম্যানেজমেন্ট/পাবলিক), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।


D:/SEIP-SI/2015/DTM-66/Letter all 2015/1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং-ডিটি/সেইপ প্রজেক্ট/৭৭৬

তারিখঃ ০২/১১/২০১৬ খ্রিঃ।

ফিলিস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা), ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর স্মারক নং অবি/সেইপ/DTE-3/(রংপুর)/৯৭/১৪-১৫/১৬৯৮, তারিখঃ ৩১/১০/২০১৬ মূলে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রমাণকসহ অবহিত করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো।


৩, ১১, ২০১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোনঃ ০২-৯১১১০২৩।

প্রাপক :
অধ্যক্ষ
রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর।

অনুলিপি : (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ০১। প্রকল্প পরিচালক, ফিলিস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম প্রকল্প, ২৫ সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।